



# ইষ্ট ওয়েস্ট ইন্ডাস্ট্রিয়াল পার্ক লিঃ

ছয়দানা, জাতীয় বিশ্ববিদ্যালয়, গাজীপুর।

ফোন নং : ৯২৯১৩৯৭, ৯২৯১৩৯৮

## সোস্যাল কমপ্লায়েন্স পলিসি (Social Compliance Policy)

অনুমোদন তারিখ	জানুয়ারি ০২, ২০১২
অনুমোদনকারী	তানভীর জিয়াউল রশীদ (উপ-ব্যবস্থাপনা পরিচালক)
সর্বশেষ নবায়নের তারিখ	জুলাই ২৮, ২০১৮
দায়িত্বপ্রাপ্ত ব্যক্তি বা বিভাগ	মানব সম্পদ বিভাগ

### উদ্দেশ্যঃ

ইষ্ট ওয়েস্ট ইন্ডাস্ট্রিয়াল পার্ক এর কারখানাসমূহ সঠিকভাবে পরিচালনায় সোস্যাল কমপ্লায়েন্স-এর সকল মানদণ্ড মেনে চলাই এই নীতিমালার মূল উদ্দেশ্য।

### প্রতিশ্রুতিঃ





- বিশ্বের প্রতিটি প্রান্তে আমাদের ব্যবসার শ্রেষ্ঠত্বের মান বজায় রাখা।
- প্রতিটি অপারেশনে নৈতিক ও দায়িত্বপূর্ণ আচরণ করা।
- প্রত্যেকের অধিকারের প্রতি গুরুত্ব দেয়া।
- পরিবেশগত বিষয়ের প্রতি আন্তরিক থাকা।

### শিশু শ্রমঃ

ইষ্ট ওয়েস্ট ইন্ডাস্ট্রিয়াল পার্ক কোনক্রমেই শিশু শ্রমিক নিয়োগ বা ব্যবহার করে না।

### অনিচ্ছাকৃত শ্রমঃ

এই প্রতিষ্ঠান কোন অবস্থাতেই অনিচ্ছাকৃত শ্রম ব্যবহার করবে না অথবা অনিচ্ছাকৃত শ্রমিকদের সাথে জোরপূর্বক আচরণ করে না। যেমন-বন্দী অথবা যারা জেলের বাইরে আছেন কিন্তু আদালতের সাথে চুক্তিবদ্ধ।

নবায়নকারী	সংশোধনকারী	নিরীক্ষাকারী	অনুমোদনকারী
			
সিনিয়র ডেপুটি ম্যানেজার, এইচআর.	ইনচার্জ-এইচ.আর, এডমিন এন্ড কমপ্লায়েন্স	সি.ই.ও	ডি.এম.ডি/এম.ডি.



# ইষ্ট ওয়েস্ট ইন্ডাস্ট্রিয়াল পার্ক লিঃ

ছয়দানা, জাতীয় বিশ্ববিদ্যালয়, গাজীপুর।

ফোন নং : ৯২৯১৩৯৭, ৯২৯১৩৯৮

## দমননীতি ও হয়রানিঃ

এই প্রতিষ্ঠান সর্বদাই সকল কর্মীদের প্রতি সম্মান ও উপযুক্ত মর্যাদা দিয়ে থাকেন, কোন প্রকার শারীরিক বা মানসিক নির্যাতন, ভয়-ভীতি প্রদর্শন, উগ্রতা, হয়রানী করা অথবা মৌলিক অধিকার হরণ করে না।

## অ-পক্ষপাতিত্বঃ

ইষ্ট ওয়েস্ট ইন্ডাস্ট্রিয়াল পার্ক চাকরিতে নিয়োগের ব্যাপারে এবং কাজে নিয়োজিত অবস্থায়- কর্মীর পারিশ্রমিক, সুযোগ-সুবিধা, পদোন্নতি, শৃঙ্খলা, বরখাস্ত অথবা অবসর গ্রহণের ব্যাপারে তাদের লিঙ্গ, জাতি, ধর্ম, বয়স, জাতীয়তা, বিকলাঙ্গতা, সামাজিক অবস্থান বা রাজনৈতিক মতাদর্শের বিভিন্নতার উপর ভিত্তি করে কোন পক্ষপাতিত্ব করে না।

## স্বাস্থ্য এবং নিরাপত্তাঃ

এই প্রতিষ্ঠান কর্মীদের জন্য কারখানার নিয়ম অনুসারে অবশ্যই স্বাস্থ্যসম্মত এবং নিরাপত্তার ব্যবস্থা করে থাকে। সকল কর্মীর জন্য সুবহ (যা সহজেই বহন/স্থানান্তর করা যায়) এবং সুপেয় খাবার পানি এবং স্বাস্থ্যসম্মত পর্যাপ্ত সংখ্যক শৌচাগারের ব্যবস্থা করা আছে। প্রাথমিক চিকিৎসা সুবিধা ছাড়াও রয়েছে সুসজ্জিত মেডিকেল রুম ও রেজিঃ ডাক্তারসহ সার্বক্ষণিক নার্স, যারা অসুস্থ কর্মীর সেবা দানে সর্বদা প্রস্তুত থাকে। এ ছাড়াও আধুনিক অগ্নি-নিরাপত্তা সুবিধাসহ প্রয়োজনীয় আলো-বাতাসপূর্ণ স্বাস্থ্যসম্মত কর্মক্ষেত্রের ব্যবস্থা রয়েছে। অর্থাৎ কর্মীদের নিরাপত্তাই প্রথম প্রাধান্য দেয়া হয়।

## ক্ষতিপূরণঃ

অত্র প্রতিষ্ঠান সর্বদা খেয়াল রাখে যেন কর্মীরা পারিশ্রমিক দ্বারা তাদের দৈনন্দিন জীবনের মৌলিক চাহিদা মেটাতে পারে। এই লক্ষ্যে আইনগত পারিশ্রমিক, অন্যান্য ন্যায্য পাওনা ও ক্ষতিপূরণসহ (মজুরি, অতিরিক্ত কর্মঘণ্টা, সার্ভিস বেনিফিট, অর্জিত ছুটির টাকা, দুর্ঘটনা জনিত সুবিধা এবং অন্যান্য সুবিধাসমূহ) প্রচলিত শ্রম আইনে বর্ণিত সকল প্রকার সুযোগ-সুবিধা কর্মীদের সময়মত পরিশোধ করে থাকেন।

## পরিবেশ রক্ষাঃ

ইষ্ট ওয়েস্ট ইন্ডাস্ট্রিয়াল পার্ক সৃষ্ট কর্মপরিবেশ সৃষ্টির লক্ষ্যে পারিপার্শ্বিক পরিবেশ রক্ষার্থে বিধি-বিধান বা আইনের প্রতি শ্রদ্ধাশীল।

বি.দ্রঃ ইষ্ট ওয়েস্ট ইন্ডাস্ট্রিয়াল পার্ক এর ব্যবস্থাপনা কর্তৃপক্ষ প্রয়োজনে এই পলিসি রদবদল বা বাতিল করার ক্ষমতা রাখেন।

নবায়নকারী	সংশোধনকারী	নিরীক্ষাকারী	অনুমোদনকারী
সিনিয়র ডেপুটি ম্যানেজার, এইচআর.	ইনচার্জ-এইচ.আর, এডমিন এন্ড কম্প্লয়েন্স	সি.ই.ও	ডি.এম.ডি/এম.ডি.